গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪. আব্দুল গণি রোড, ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নং-নিঅ/রেজিঃশাঃ-২ (চঃবিঃ)/৬৪৪ (২০) তারিখঃ- ০১/১০/২০২০ খ্রিঃ

বিষয় : জেলা ও উপজেলাভিত্তিক সকল স্থায়ী কর্মচারী, নকলনবিশ, দলিল লেখক ও নিকাহ রেজিস্ট্রারগণের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত স্থায়ী কর্মচারী, নকলনবিশ, দলিল লেখক ও নিকাহ রেজিস্ট্রারগণকে দক্ষ ও প্রশিক্ষিত করে গড়ার লক্ষ্যে নিম্ন বর্ণিত বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণ দেয়ার জন্য বলা হ'ল।

ক) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮।

খ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও নাগরিক সেবা।

গ) বাজেট প্রস্তুত ও ব্যবস্থাপনা।

ঘ) নথি উপস্থাপন, ব্যবস্থাপনা ও বিনষ্টকরণ ও ই-স্মারক প্রয়োগ সংক্রান্ত।

৬) নকলনবিশদের দায়িত্ব কর্তব্য ও নৈতিকতা সম্পর্কিত।

চ) দলিল লেখকদের সনদ বিধিমালা, ২০১৪।

ছ) মুসলিম নিকাহ রেজিস্ট্রার ও হিন্দু, বৌদ্ধ এবং খ্রিষ্টান বিবাহ রেজিস্ট্রারগণকে স্ব-স্ব আইনের বিধিমালা সম্পর্কে বিশেষ প্রশিক্ষণ।

উল্লেখিত বিষয়ে প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট জেলার প্রশিক্ষণ খাতে ব্যয় বরাদ্দ দেয়া হয়েছে। উল্লেখিত পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান পূর্বক নিবন্ধন অধিদপ্তরকে জানানোর জন্য বলা হল।

স্বা/-
০১/১০/২০২০
(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।
ফোন নং-৪১০৫০১৮৫।

জেলা রেজিস্ট্রার---------------- (সকল)।